



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)

নং : মাউশি /সেসিপ/২-৪৬৫/pre.voc-voc.edu(পার্ট-৩)/২০১৯/৫৮১২

তারিখ: ০৭/০৬/২০২০ খ্রি.

বিষয় : সেসিপ-এর ভোকেশনাল কর্মসূচির আওতাভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে এনটিআরসিএ'র মাধ্যমে নিয়োগপ্রাপ্ত ট্রেড ইন্সট্রাক্টরদের যোগদান পরবর্তী তথ্য প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে অবহিত করা যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর আওতায় মাধ্যমিক পর্যায়ে সাধারণ শিক্ষাধারার ৬৪০টি শিক্ষাপ্রতিষ্ঠানে (বিদ্যালয়/মাদ্রাসা) ২০২০ সাল হতে দু'টি করে ভোকেশনাল কোর্স চালু হয়েছে। বর্ণিত কার্যক্রমের আওতাভুক্ত ৬৪০টি শিক্ষাপ্রতিষ্ঠানে সেসিপ হতে প্রেরিত চাহিদার পরিপ্রেক্ষিতে বেসরকারি শিক্ষক নিবন্ধন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) কর্তৃক ইতোমধ্যে ট্রেডভিত্তিক ৬৭৬ জন ট্রেড ইন্সট্রাক্টর নিয়োগ প্রদান করা হয়েছে। নিয়োগকৃত ট্রেড ইন্সট্রাক্টরগণের মধ্যে অনেকে যোগদান করেছেন এবং অনেকে যোগদান করেননি। এদের মধ্যে কোনো কোনো ব্যক্তি যোগদানের পর পদত্যাগ করছেন অথবা অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন মর্মে অবহিত হওয়া গেছে। বর্ণিত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে ট্রেড ইন্সট্রাক্টর নিয়োগের লক্ষ্যে পরবর্তী পদক্ষেপ গ্রহণের নিমিত্ত এ বিষয়ক বিস্তারিত তথ্য প্রয়োজন।

এমতাবস্থায়, এনটিআরসিএ কর্তৃক সেসিপ-এর ভোকেশনাল কর্মসূচির আওতাধীন শিক্ষাপ্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত ট্রেড ইন্সট্রাক্টরগণের যোগদান সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য আগামী ১০/০৬/২০২০খ্রি. তারিখের মধ্যে সংযুক্ত ছক মোতাবেক ই-মেইলে (sesipvoc640@gmail.com) প্রেরণের জন্য অনুরোধ করা হলো। **বিষয়টি অতীব জরুরি।**

(প্রফেসর ড. সামসুন নাহার)
যুগ্ম প্রোগ্রাম পরিচালক (রু.দা)
ফোন: ৯৫৫৩৩১২

প্রধান শিক্ষক/ অধ্যক্ষ/ সুপার
(সেসিপ-এর ভোকেশনাল কর্মসূচির
আওতাভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান)

অনুলিপি:

১. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. আঞ্চলিক পরিচালক (সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (তঁকে এতদসংক্রান্ত তথ্য সংগ্রহ নিশ্চিত করতে তঁর দপ্তরের একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানপূর্বক তঁর দপ্তরে এতদসংক্রান্ত একটি তথ্যভান্ডার সংরক্ষণের অনুরোধ করা হলো)।
৩. উপ পরিচালক (মাধ্যমিক), সকল অঞ্চল, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর।
৪. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা (তঁকে এতদসংক্রান্ত তথ্য সংগ্রহ নিশ্চিত করতে তঁর দপ্তরের একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানপূর্বক তঁর দপ্তরে এতদসংক্রান্ত একটি তথ্যভান্ডার সংরক্ষণের অনুরোধ করা হলো)।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)

ট্রেড ইন্সট্রাক্টরদের যোগদানের তথ্য ছক

ক্র. নং	শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, মোবাইল নাম্বার	ট্রেডের নাম	ট্রেড ইন্সট্রাক্টরের নাম ও মোবাইল নাম্বার	যোগদানের তারিখ	যোগদানের পর পদত্যাগ করেছেন কি? (হ্যাঁ/ না)	যোগদানের পর অননুমোদিতভাবে অনুপস্থিত আছেন কি? (হ্যাঁ/ না) এবং হয়ে থাকলে, কোন তারিখ থেকে অনুপস্থিত?	এমপিওভুক্তি হয়েছে কি? (হ্যাঁ/না)	মন্তব্য
		১.						
		২.						

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর :

সীল :

মোবাইল নাম্বার :

ই-মেইল :

